



বাংলাদেশে চীনের বিনিয়োগ ৩০০% বৃদ্ধি পেয়েছে: বাণিজ্য উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিন জানিয়েছেন, বাংলাদেশে চীনের বিনিয়োগ ৩০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, দুই দেশের যৌথ অভিজ্ঞতা ও পারস্পরিক সহযোগিতা কাজে লাগিয়ে বাংলাদেশ আরও দ্রুত অর্থনৈতিক অগ্রগতি অর্জন করতে সক্ষম হবে। শুক্রবার (১২ সেপ্টেম্বর) রাজধানীর বসুন্ধরা কনভেনশন সেন্টারে 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ ইন বাংলাদেশ এক্সিবিশন'-এ সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

শেখ বশির উদ্দিন বলেন, উৎপাদন ও প্যাকেজিং খাতে চীনের অভিজ্ঞতা বাংলাদেশের জন্য খুবই কাজে লাগতে পারে। তিনি মনে করেন, তৈরি পোশাক খাতে বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম রপ্তানিকারক হলেও সামগ্রিকভাবে এখনও অনেক পিছিয়ে আছে, এবং এই খাতে চীনের সহযোগিতা গুরুত্বপূর্ণ হতে পারে।

এছাড়াও, তিনি সড়ক অবকাঠামো উন্নয়ন ও পরিবহন ব্যবস্থার আধুনিকীকরণে চীনের সহযোগিতা কামনা করেন। উপদেষ্টা বলেন, সড়ক দুর্ঘটনায় ব্যাপক প্রাণহানি রোধে এই খাতে দ্রুত উন্নয়ন প্রয়োজন।

মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে ট্যারিফ বিষয়ক আলোচনা প্রসঙ্গে বাণিজ্য উপদেষ্টা জানান, আগামী রোববার ট্যারিফ ইস্যুতে আলোচনা করতে যুক্তরাষ্ট্র সরকারের একটি প্রতিনিধি দল ঢাকায় আসছে। এই প্রতিনিধি দলের সঙ্গে ট্যারিফ কাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা হবে।

চীনা দূতাবাস আয়োজিত এই প্রদর্শনীতে বাংলাদেশের ৮টি এবং চীনের ৩২টি প্রতিষ্ঠান অংশ নিয়েছে। এখানে অবকাঠামো, প্রযুক্তি, টেলিকম, স্বাস্থ্য, কৃষি, শক্তি, পরিবহন ও লজিস্টিকসসহ বিভিন্ন খাতের প্রতিষ্ঠান তাদের পণ্য ও সেবা প্রদর্শন করছে। দুই দিনব্যাপী এই প্রদর্শনী ১২ ও ১৩ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।